


## প্রেস বিজ্ঞপ্তি

আজ বাংলাদেশ এবং দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে “Bhandal Jhuri Water Supply Project” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বৈদেশিক সূত্র থেকে অতিরিক্ত ৪৭.০০ মিলিয়ন মা: ডলার সরবরাহের লক্ষ্যে একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অনুবিভাগ প্রধান (এশিয়া, জেইসি ও এফএন্ডএফ) জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী এবং কোরিয়া সরকারের পক্ষে কোরিয়া এক্সিম ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব কিমতায়ে-সো ঋণ চুক্তিটি স্বাক্ষর করেন।

কর্ণফুলি নদীর বাঁম তীরে আবাসিক এবং অনাবাসিক এলাকায় প্রতিদিন ৬০,০০০ ঘন মিটার নিরাপদ পানি সরবরাহ এবং টেকসই পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার মানুষের জীবন-যাত্রার মান উন্নয়ন এবং অর্থনৈতিক উন্নয়ন সাধন করা হবে এ প্রকল্পের অন্যতম প্রধান লক্ষ্য।

স্থানীয় সরকার বিভাগের অধীনে চট্টগ্রাম ওয়াসা এ গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন করছে। চলমান অতিমারি মোকাবেলার পাশাপাশি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গতি ধরে রাখার জন্য প্রয়োজনীয় অর্থের চাহিদা বিবেচনায় দক্ষিণ কোরিয়া সরকার তাদের Economic Development Cooperation Fund (EDCF) থেকে বাংলাদেশকে বর্ণিত প্রকল্পের পূর্বের ঋণ চুক্তির ৯৭.০০ মি: মা: ডলারের সাথে অতিরিক্ত ৪৭.০০ মি: মা: ডলার অর্থায়নে সম্মতি জানিয়েছে। কোরিয়ান সরকার প্রকল্প সহায়তা বাবদ মোট ১৩৭.০০ মি: মা: ডলার ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে বর্ণিত প্রকল্পের অর্থ ছাড় করবে।

অত্যন্ত নমনীয় এ ঋণের বাৎসরিক সুদের হার ০.০১% এবং ঋণ পরিশোধকাল ১৫ (পনের) বছরের গ্রেস পিরিয়ডসহ মোট ৪০ বছর।



আবদুল কাদের  
উপসচিব  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার